

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৪৩

আগরতলা, ২ জানুয়ারি, ২০২৪

১০ জানুয়ারি সুলতান শাহ দরগায় সংহতি মেলা

আগামী ১০ জানুয়ারি থেকে ডুকলি ব্লকের আনন্দনগর গ্রাম পঞ্চায়েতের সুলতান শাহ দরগায় ৫দিনব্যাপী সংহতি মেলার সূচনা হবে। আজ সুলতান শাহ দরগা প্রাঙ্গণে এক প্রস্তুতি সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রস্তুতি সভায় সভাপতিত্ব করেন ডুকলি পঞ্চায়েত সমিতির সদস্য নারায়ণ চক্রবর্তী। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়েছে সংহতি মেলায় কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের উদ্যোগে কৃষি পণ্যের প্রদর্শনী এবং উদ্যান ও ভূমি সংরক্ষণ দপ্তরের উদ্যোগে পুষ্প প্রদর্শনীর আয়োজন করা হবে। তাছাড়া তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে মেলার প্রতিদিন সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। সংহতি মেলাকে সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সভায় ডুকলি পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান পরমা বর্মণকে চেয়ারম্যান ও ডুকলি ব্লকের বিডিওকে আহ্বায়ক করে একটি পরিচালন কমিটি ও বিভিন্ন উপকমিটি গঠন করা হয়। সভায় ব্লকের শ্রীনগর, আনন্দনগর ও পশ্চিম আনন্দনগর গ্রাম পঞ্চায়েতের প্রধানগণ, ত্রিস্তর পঞ্চায়েতের সদস্য সদস্যগণ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।
